

# **া** রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৫৬৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৬৪]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৬২: ত্যাগ ও সহমর্মিতা প্রসঙ্গে

(62) \_ بَابُ الْإِيْثَارِ الْمُوَاسَاةِ

#### আরবী

وعن أبي هريرة رضي الله عنه قال: جاء رجل إلى النبي صلى الله عليه وسلم فقال: إنى مجهود، فأرسل إلى بعض نسائه، فقالت: والذى بعثك بالحق ما عندى إلا ماء، ثم أرسل إلى أخرى، فقالت مثل ذلك، حتى قلن كلهن مثل ذلك: لا والذى بعثك بالحق ما عندى إلا ماء. فقال النبي صلى الله عليه وسلم "من يضيفه هذا الليلة?" فقال رجل من الأنصار: أنا يا رسول الله، فانطلق به إلى رحله ، فقال لامرأته: أكرمي ضيف رسول الله عليه وسلم

وفى رواية قال لامرأته: هل عندك شئ؟ قالت: لا، إلا قوت صبيانى. قال: فعلليهن بشئ.وإذا أرادوا العشاء فنوميهم. وإذا دخل ضيفنا فأطفئ السراج وأريه أنا نأكل، فقعدوا وأكل الضيف وبات طاويين، فلما أصبح ، غدا على النبي صلى الله عليه وسلم فقال: "لقد عجب الله من صنيعكما بضيفكما الليلة" ((متفق عليه)).

#### বাংলা

আল্লাহ তা'আলা বলেন,

[وَيُؤْا ثِرُونَ عَلَىٰٓ أَنفُسِهما وَلُوا كَانَ بهما خَصاصنةا ﴾ [الحشر: ٩ ﴿

অর্থাৎ "নিজেরা অভাবগ্রস্ত হলেও তারা (অপরকে) নিজেদের উপর প্রাধান্য দেয়।" (সূরা হাশ্র ৯ আয়াত)

তিনি আরো বলেন,

[وَيُطاَّعِمُونَ ٱلطَّعَامَ عَلَىٰ حُبِّهِ مِساَّكِينًا وَيَتِيمًا وَأَسِيرًا ﴾ [الانسان: ٨ ﴿



অর্থাৎ "আহার্যের প্রতি আসক্তি সত্ত্বেও তারা অভাবগ্রস্ত, ইয়াতীম ও বন্দীকে অন্নদান করে।" (সূরা দাহার ৮ আয়াত)

১/৫৬৯। আবৃ হুরাইরাহ রাদিয়াল্লাহু 'আনহু বলেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বলল, 'আমি ক্ষুধায় কাতর হয়ে আছি।' আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর কোন স্ত্রীর নিকট সংবাদ পাঠালেন। তিনি বললেন, 'সেই সন্তার কসম, যিনি আপনাকে সত্যের সঙ্গে পাঠিয়েছেন! আমার কাছে পানি ছাড়া কিছুই নেই।' অতঃপর অন্য স্ত্রীর নিকট পাঠালেন। তিনিও অনুরূপ কথা বললেন। এমনকি শেষ পর্যন্ত সকল (স্ত্রীই ঐ একই কথা বললেন, 'সেই সন্তার কসম, যিনি আপনাকে সত্যের সাথে পাঠিয়েছেন! আমার কাছে পানি ছাড়া কোন কিছুই নেই।' তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, 'আজকের রাতে কে একে মেহমান হিসাবে গ্রহণ করবে?'' এক আনসারী বললেন, 'হে আল্লাহর রাসূল! আমি একে মেহমান হিসাবে গ্রহণ করব।' সুতরাং তিনি তাকে সাথে করে নিজ গৃহে নিয়ে গেলেন এবং তাঁর স্ত্রীকে বললেন, 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মেহমানের খাতির কর।'

অন্য এক বর্ণনায় আছে, তিনি (আনসারী) তাঁর স্ত্রীকে বললেন, 'তোমার নিকট কোন কিছু আছে কি?' তিনি বললেন না, 'কেবলমাত্র বাচ্চাদের খাবার আছে।' তিনি বললেন, 'কোন জিনিস দ্বারা তাদেরকে ভুলিয়ে রাখবে এবং তারা যখন রাত্রে খাবার চাইবে, তখন তাদেরকে ঘুম পাড়িয়ে দেবে। অতঃপর যখন আমাদের মেহমান (ঘরে) প্রবেশ করবে, তখন বাতি নিভিয়ে দেবে এবং তাকে দেখাবে যে, আমরাও খাচ্ছি।' সুতরাং তাঁরা সকলেই খাওয়ার জন্য বসে গেলেন; মেহমান খাবার খেল এবং তাঁরা দু'জনে উপবাসে রাত কাটিয়ে দিলেন। অতঃপর যখন তিনি সকালে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট গেলেন, তখন তিনি বললেন, ''তোমরা দু'জনের আজকের রাতে তোমাদের মেহমানের সাথে তোমাদের ব্যবহারে আল্লাহ বিস্মিত হয়েছেন!'' (বুখারী ও মুসলিম) [1]

## **English**

(62) Chapter: Selflessness and Sympathy

Allah, the Exalted, says:

"And give them (Emigrants) preference over themselves, even though they were in need of that." (59:9)

"And they give food, in spite of their love for it (or for the love of Him), to the poor, the orphan, and the captive." (76:8)

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

A man came to the Prophet (ﷺ) and said; "I am hard pressed by hunger." He (ﷺ) sent a word to one of his wives who replied: "By Him Who has sent you with the Truth, I have nothing except water." Then he sent the same



message to another (wife) and received the same reply. He sent this message to all of them (i.e., his wives) and received the same reply. Then he (ﷺ) said, "Who will entertain this (man) as guest?" One of the Ansar said: "O Messenger of Allah, I will." So he took him home and said to his wife: "Serve the guest of Messenger of Allah (ﷺ)."

Another narration is: The Ansari asked his wife: "Have you got anything?" She answered: "Nothing, except a little food for the children." He said: "Keep them busy with something, and when they ask for food put them to sleep. When the guest enters, extinguish the light and give him the impression that we are also eating." So they sat down and the guest ate and they passed the night hungry. When he came to the Prophet () in the morning, he said to him, "Allah admired what you did with your guest last night."

[Al- Bukhari and Muslim].

Commentary: This Hadith describes a unique example of hospitality and kindness liked by Allah. It imparts to man the sense of self-sacrifice and a feeling of fellowship.

### ফুটনোট

[1] সহীহুল বুখারী ৩৭৯৮, মুসলিম ২০৫৪, তিরমিযী ৩৩০৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন